২৮।৪৩

দৈনিক সংবাদ

30 SEP 1992
তারিখ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

168

# প্রধানমন্ত্রীর প্রতি ছাত্রঐক্য ক্যাম্পাসে আসার আগে ১০ দফা সম্পর্কে বক্তব্য দিতে হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গণতান্ত্রিক ছাত্রঐক্য আয়োজিত এক সমাবেশে গতকাল মঙ্গলবার বক্তারা বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বরে যদি প্রধানমন্ত্রী খালেদা জিয়া আসতে চান, তবে সর্বদলীয় ছাত্রঐক্যের ১০ দফা বাস্তবায়নের ব্যাপারে তিনি কি করেছেন সে সম্পর্কে সুস্পষ্ট বক্তব্য দিতে হবে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় টিএসসি সড়কদ্বীপে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন ছাত্র ইউনিয়ন নেতা আসলাম খান, ছাত্রলীগ (বা–কা) নেতা ওবায়দুর রহমান চুন্নু ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট নেতা সাইফুর রহমান তপন।

ছাত্রনেতারা সমাবেশে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা যে স্বৈরাচারবিরোধী আন্দোলন গড়ে তুলেছিল, সেই আন্দোলনের পরিণতিতে খালেদা জিয়া প্রধানমন্ত্রী হয়েছেন। কিন্তু প্রধানমন্ত্রী হবার দু'বছর পরও তিনি ১০ দফা দাবিনামা বাস্তবায়নের জন্য কোন উদ্যোগ নেননি।

এদিকে গত সোমবার কুষ্টিয়া সরকারী কলেজে গণতান্ত্রিক ছাত্রঐক্যের মিছিলে জামাত–শিবিরের হামলা ও পরে ছাত্রমৈত্রী অফিস থেকে ছাত্রঐক্যের ৬ জন ছাত্রনেতাকে গ্রেফতারের প্রতিবাদে গতকাল মঙ্গলবার গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও সমাবেশ করেছে।

# ছাত্রঐক্যের ১লা অক্টোবরের কর্মসূচী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামীকাল ১লা অক্টোবর গণতান্ত্রিক ছাত্রঐক্য সর্বদলীয় ছাত্রঐক্যের ১০ দফা দাবিনামা বাস্তবায়ন, সন্ত্রাস দমন অধ্যাদেশ '৯২ বাতিল, যুদ্ধাপরাধী হিসেবে গোলাম আযমের বিচার, দলনিরপেক্ষভাবে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ প্রদর্শন করবে। উল্লেখ্য, ১লা অক্টোবর প্রধানমন্ত্রী খালেদা জিয়া একটি পদকদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসবেন।

গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতৃবৃন্দ ১লা অক্টোবর সকাল ১০টার মধ্যে তাদের সকল কর্মীকে মধুর কেন্টিনে উপস্থিত হবার জন্য নির্দেশ দিয়েছেন। এরপর গণতান্ত্রিক ছাত্রঐক্য ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করবে।